দৈনিক খবর

১৭

তারিখ 17 AUG 1989
পৃষ্ঠা ১ কলাম ৮

৩/

# চট্টগ্রাম ভার্সিটিতে অনির্দিষ্টকালের জন্যে ছাত্র ধর্মঘট শুরু

।। স্টাফরিপোর্টার ।।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে গতকাল বুধবার থেকে অনির্দিষ্টকালের জন্যে ছাত্র ধর্মঘট শুরুহয়েছে।

ছাত্র সংগ্রাম পরিষদ গত মঙ্গলবার

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## চট্টগ্রাম ভার্সিটিতে

।প্রথম পৃষ্ঠার পর

শিবিরের হামলার প্রতিবাদে এই ধর্মঘট আহবান করেছে। ঢাকায় পাওয়া সংবাদে জানা গেছে, গতকাল বিশ্ববিদ্যালয়ে ছাত্র–ছাত্রীরা যায়নি এবং কোন ক্লাস হয়নি। বিশ্ববিদ্যালয়ের শহীদ আবদুর রব সড়কে ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে প্রতিবাদ সমাবেশ ও মিছিল হয়েছে। ক্যাম্পাসে ইসলামী ছাত্র শিবিরও পাল্টা মিছিল–সমাবেশ করেছে বলে খবর পাওয়াগেছে।

উল্লেখ্য যে, গত মঙ্গলবার ছাত্র লীগের একটি মিছিলে ইসলামী ছাত্র শিবির অতর্কিত হামলা চালালে দু'পক্ষের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হয়। এতে প্রায় ৩৫ জন আহত হয়েছে।